# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 10-02-2026** **Time: 1.30 PM**

## বিশেষ বিশেষ খবর –

১) বিরোধীদের হৈ-হট্টগোলের জেরে আজ লোকসভার অধিবেশন বেলা ২-টো পর্যন্ত মুলতুবি। অধিবেশনে ব্যাঘাত ঘটানোয়, বিরোধীদের তীব্র সমালোচনা করেছেন সংসদ বিষয়ক মন্ত্রী।

২) ভোটার তালিকার বিশেষ সংশোধনের পর আজ প্রকাশিত হতে চলেছে অসমের চূড়ান্ত ভোটার তালিকা।

৩) পশ্চিমবঙ্গে এসআইআর প্রক্রিয়ার রূপরেখা এবং বিধানসভা নির্বাচনের প্রস্তুতি নিয়ে আলোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আজ নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চের সঙ্গে বৈঠকে বসছেন।

৪) মহারাষ্ট্রের ১২-টি জেলা পরিষদ এবং ১২৫-টি পঞ্চায়েত সমিতির নির্বাচনে বিজেপি জয়লাভ করেছে।

৫) আই সি সি পুরুষদের টি-টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটে নামিবিয়া, নেদারল্যান্ডসের সামনে জয়ের জন্য ১৫৭ রানের লক্ষ্যমাত্রা রেখেছে।

ooooooooooooooooooo

বিরোধীদের হই-হট্টগোলের জেরে আজ লোকসভার অধিবেশন দুপুর দুটো পর্জন্ত মুলতুবি করা হয়েছে। এর আগে, লোকসভা দুপুর ১২টা পর্যন্ত মুলতবি করা হয়। লোকসভায় দিনের শুরুতে কংগ্রেস, তৃণমূল কংগ্রেস এবং ডিএমকে সহ অন্যান্য বিরোধী সদস্যরা ওয়েলে নেমে স্লোগান দিতে শুরু করেন। কোলাহলের মধ্যে, পশুপালন ও দুগ্ধ প্রতিমন্ত্রী এস পি সিং বাঘেল

পশুপালন পরিকাঠামো উন্নয়ন তহবিল সম্পর্কিত প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা করেন কিন্তু কার্যবিবরণী ব্যাহত হওয়ার কারণে তিনি তার উত্তর সম্পূর্ণ করতে পারেননি। বিরোধীদের বাধাদান অব্যাহত থাকায় দুপুর ১২টা পর্যন্ত সংসদ মুলতবি করা হয়। পরে লোকসভার অধিবেশন পুনরায় শুরু হলে বিরোধীদের বিক্ষোভের কারণে বিশৃঙ্খল পরিস্থিতি অব্যাহত থাকলে আজ দ্বিতীয়বার অধিবেশন দুটো পর্যন্ত মুলতুবি রাখার ঘোষণা করেন লোকসভার অধিবেশন পরিচালনার দায়িত্বপ্রাপ্ত প্রিসাইডিং অফিসার পি সি মোহন।

ooooooooooooooooooo

লোকসভার অধিবেশনে ব্যাঘাত ঘটানোয় বিরোধীদের তীব্র সমালোচনা করেছেন, কেন্দ্রীয় সংসদ বিষয়কমন্ত্রী কিরেণ রিজিজু। তিনি বলেন, বিরোধী সাংসদদের আচরণ সভার গরিমা ভঙ্গ করেছে। সংবাদমাধ্যমকে রিজিজু জানান, গত সপ্তাহে কংগ্রেসের মহিলা সাংসদরা ট্রেজারি বেঞ্চ অতিক্রম করে প্রায় প্রধানমন্ত্রীর আসনের কাছে পৌঁছে যায়, যা অত্যন্ত নিন্দনীয় ঘটনা। তিনি বলেন, বিজেপির সাংসদরা লোকসভার অধ্যক্ষের কাছে এবিষয়ে অভিযোগপত্র জমা দেন।

সংসদ বিষয়ক মন্ত্রী আরও অভিযোগ করেন, এই ঘটনায় প্রধানমন্ত্রী ভয় পেয়েছেন বলে সামাজিক মাধ্যমে বিরোধীরা প্রচার চালান। এই ঘটনা সংসদীয় গণতন্ত্র বিরোধী এবং নিন্দনীয় বলে শ্রী রিজিজু তীব্র ক্ষোভ প্রকাশ করেন।

ooooooooooooooooooo

বাজেট অধিবেশনে লোকসভায় আলোচনা ভেস্তে যাওয়ার জন্য বিরোধী দলনেতা রাহুল গান্ধীকে দায়ী করেছেন কেন্দ্রীয় মন্ত্রী চিরাগ পাসওয়ান। আজ তিনি বলেন, একটি বিষয় নিয়ে রাহুল গান্ধী জেদ ধরে থাকার জন্য বহু বিরোধী সাংসদ ও আঞ্চলিক দলগুলির নেতারা বাজেট ও রাষ্ট্রপতির ভাষণের উপর আলোচনা করতে পারেননি। বিরোধীদের লোকসভায় বলতে দেওয়া হয়নি বলে যে অভিযোগ উঠছে, তাও সঠিক নয় বলে মন্ত্রী জানিয়েছেন।

ooooooooooooooooooo

কেন্দ্রীয় বন্দর, জাহাজ এবং জলপথমন্ত্রী সর্বানন্দ সনোয়াল বলেছেন, এন ডি এ সরকারের গৃহীত নীতির ফলে ভারত ২০২৪-২৫ অর্থ বছরে জাতীয় জলপথে ১৪ কোটি ৬০ লক্ষ টন পণ্য পরিবহণ করে রেকর্ড সৃষ্টি করেছে। ২০১৩-১৪ অর্থ বছরে এর পরিমাণ ছিল ১ কোটি ৮১ লক্ষ টন।

রাজ্যসভায় এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, আন্তঃদেশীয় জল পথের উন্নয়নে গত ১০ বছরে এই সরকার ১ হাজার ৭-শো কোটি টাকা বিনিয়োগ করেছে।

ইউ পি এ সরকারের সময় এর পরিমাণ ছিল ১৮৩ কোটি টাকা। দেশে এই মুহূর্তে ১১১-টি জলপথে পণ্য পরিবহণ চলছে।

অপরদিকে ২০২৫ সালে জলপথে যাত্রী পরিবহণের সংখ্যা ৫ লক্ষতে পৌঁছেছে। ২০১৪ সালে যা ছিল ৮৫ হাজারের মতো।

ooooooooooooooooooo

নতুন ও পুনঃনবীকরনযোগ্য শক্তি মন্ত্রী প্রহ্লাদ জোশী বলেছেন, ভারত এখন পর্যন্ত মোট ২৭২ গিগাওয়াট পুনঃনবীকরনযোগ্য জ্বালানি উৎপাদন ক্ষমতা অর্জন করেছে। রাজ্যসভায় প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে শ্রী জোশী বলেন, দেশে কংগ্রেস সরকারের আমলে দেশের পুনঃনবীকরনযোগ্য জ্বালানি উৎপাদন ক্ষমতা ছিল মাত্র ৮১ গিগাওয়াট। তিনি জানান, সৌরশক্তি উৎপাদন ক্ষমতা ২.৮ গিগাওয়াট থেকে বেড়ে ১৩৬ গিগাওয়াটে পৌঁছেছে। মন্ত্রী বলেন, ভারত আজ বিশ্বের তৃতীয় বৃহত্তম পুনঃনবীকরনযোগ্য জ্বালানি উৎপাদনকারী দেশ হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে।

শ্রী জোশী বলেন, পিএম কুসুম প্রকল্পের মাধ্যমে সারা দেশের মানুষ উপকৃত হচ্ছে এবং গ্রামীণ এলাকায় এর সাফল্যের কারণে বেশ কয়েকটি রাজ্য এই প্রকল্পের সম্প্রসারণের দাবি জানাচ্ছে।

(বাইট - প্রহ্লাদ জোশী)

ooooooooooooooooooo

ভোটার তালিকার বিশেষ সংশোধনের পর আজ প্রকাশিত হতে চলেছে অসমের চূড়ান্ত ভোটার তালিকা। বর্তমানে পশ্চিমবঙ্গ-সহ দেশের ১২টি রাজ্যে ভোটার তালিকায় যে বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়া বা এসআইআর চলছে, তার থেকে অসমের ভোটার তালিকা সংশোধন প্রক্রিয়া কিছুটা আলাদা। এখানে ফর্ম পূরণ বা নথি সংগ্রহের বদলে বাড়ি বাড়ি গিয়ে ভোটারদের তথ্য যাচাই করা হয়েছে। এর জন্য নিয়োগ করা হয়েছিল ২৯ হাজার ৬৫৬ জন বুথ লেভেল অফিসারকে। গত বছর ডিসেম্বরে অসমের খসড়া ভোটার তালিকা প্রকাশিত হয়েছিল। এই রাজ্যে আগামী মার্চ-এপ্রিল মাসে বিধানসভা নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা।

ooooooooooooooooooo

রাজ্যে এসআইআর প্রক্রিয়ার ভবিষ্যৎ রূপরেখা এবং আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি নিয়ে আলোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ নির্বাচন

কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চের সঙ্গে বৈঠকে বসছেন। এস আই আর নিয়ে সুপ্রিম কোর্টের একাধিক নির্দেশের পর গত রাতেই দিল্লি রওনা হয়েছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক।

এদিকে, কলকাতা বিমানবন্দরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি জানিয়েছেন চলতি মাসের মধ্যেই চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করার ব্যাপারে কমিশন সব রকমের পদক্ষেপ নিচ্ছে।

এর আগে, গতকাল সুপ্রিম কোর্টের রায়ের পর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের সময়সীমা আরও পিছোতে পারে বলে শ্রী আগরওয়াল জানিয়ে ছিলেন। তিনি বলেন, সুপ্রিম কোর্টের নির্দেশ মত এস আই আর এর তথ্য যাচাইয়ের কাজ আরো সাত দিন বাড়ানো হলে ২১ ফেব্রুয়ারির আগে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা সম্ভব হচ্ছে না। অন্যদিকে, জমা পড়া নথির তথ্য যাচাইয়ের পাশাপাশি শুনানি প্রক্রিয়া চালিয়ে যাওয়া হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য, বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় এখনও পর্যন্ত ১ কোটি ৩৯ লক্ষ ভোটারের শুনানি সম্পন্ন হয়েছে । নথি আপলোডের সংখ্যা দাঁড়িয়েছে ১ কোটি ৬ লক্ষ। বাকি কাজ দ্রুত শেষ করার চেষ্টা চলছে বলে তিনি জানান।

অন্যদিকে, সুপ্রিম কোর্টে রাজ্য সরকারের জমা দেওয়ার তালিকা অনুযায়ী ৮ হাজার ৫ শো ৫ জন গ্রুপ-বি আধিকারিককে মাইক্রো অবজারভার হিসেবে নিয়োগ করে চূড়ান্ত ভোটার তালিকা যাচাইয়ের কাজে নিযুক্ত করা হবে। সমগ্র প্রক্রিয়া শেষ করে ২৮ ফেব্রুয়ারির মধ্যে চূড়ান্ত তালিকা প্রকাশ করা কমিশনের লক্ষ্য বলে জানা গেছে।

oooooooooooooooooooo

**মহারাষ্ট্রের ১২টি জেলা পরিষদ এবং ১২৫টি পঞ্চায়েত সমিতির নির্বাচনে ভারতীয় জনতা পার্টি জয়লাভ করেছে। ১২টি জেলা পরিষদের মধ্যে ৬টিতে বিজেপি সর্বাধিক আসন পেয়েছে। রাজ্যের মোট ৭৩১টি জেলা পরিষদ আসনের মধ্যে বিজেপি ২২৫টি আসন জিতেছে। এন সি পি ১৬৫টি এবং শিবসেনা ১৬২টি আসন জিতেছে। কংগ্রেস ৫৫টি আসন, শরদ পাওয়ারের নেতৃত্বাধীন এন সি পি ২৬টি এবং উদ্ধব ঠাকরের নেতৃত্বাধীন শিবসেনা ৪৩টি আসনে জয় পেয়েছে জিতেছে। ১২৫টি পঞ্চায়েত সমিতির মোট ১ হাজার ৪৬২টি আসনের মধ্যে, বিজেপি সর্বাধিক ৪৫৯টি আসন জিতেছে। এন সি পি ৩০৬টি, শিবসেনা ৩০২টি এবং কংগ্রেস ৯৭টি আসন জিতেছে। শিবসেনা ইউ বি টি ৮৯টি আসনে জয় পেয়েছে। শরদ চন্দ্র পাওয়ারের নেতৃত্বাধীন এন সি পি জয় পেয়েছে ৪৬টি**

আসনে। বিজেপি সাতারা, সোলাপুর, ছত্রপতি সম্ভাজি নগর, পারভানি, সিন্ধুদুর্গ এবং ধরশিবে সর্বাধিক আসন জিতেছে বিজেপি।

<u>০০০০০০০০০০০০০০০০০০০</u>

অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী এন চন্দ্রবাবু নায়ডু আজ নতুন দিল্লিতে কেন্দ্রীয় জলশক্তিমন্ত্রী সি আর পাটিলের সঙ্গে রাজ্যে জল, সেচ এবং পানীয় জল প্রকল্পগুলির আর্থিক সহায়তার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি পোলাভারাম প্রকল্পের কাজ বন্ধের আদেশ প্রত্যাহার করার জন্য অনুরোধ জানান। একই সঙ্গে এই প্রকল্পে ৩২ হাজার কোটি টাকা মঞ্জুরেরও আবেদন জানান।

শ্রী নায়ডু আল মাত্তি বাঁধের উচ্চতা বাড়ানোর জন্য যে সিদ্ধান্ত কর্ণাটক সরকার নিয়েছে, সে বিষয়ে আপত্তির কথাও জানিয়ে বলেন, অন্ধ্রপ্রদেশের অববাহিকাতে এর প্রভাব পড়বে।

<u>০০০০০০০০০০০০০০০০০০০</u>

জার্মানির নুরেমবার্গে অনুষ্ঠিত বিশ্বের বৃহত্তম অর্গানিক পণ্যের বাণিজ্যি মেলা বায়োফ্যাচ ২০২৬-এ 'কান্ট্রি অব দ্য ইয়ার' সম্মানে সম্মানিত হয়েছে ভারত। চলতি মাসের ১৩ তারিখ পর্যন্ত এই মেলা চলবে। এই মেলায় ভারতের ৬৭ জন প্রতিনিধি অংশ নিয়েছেন। তাদের মধ্যে রয়েছেন বিভিন্ন রাজ্যের প্রতিনিধি, রফতানিকারী ও কৃষি পণ্য উৎপাদনকারী সংস্থার প্রতিনিধিরা।

<u>০০০০০০০০০০০০০০০০০০০</u>

ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির প্রতিনিধিত্বকারী নির্বাচিত নেতাদের প্রথম আনুষ্ঠানিক বৈঠক - ব্রিকস শেরপা সম্মেলন গতকাল নতুন দিল্লিতে শুরু হয়েছে। উল্লেখ্য, ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির মধ্যে যোগাযোগের প্রধান মাধ্যম হিসেবে দায়িত্ব পালন করেন ব্রিকস শেরপারা। সম্মেলনের আয়োজক ভারতের পক্ষ থেকে ব্রিকস শেরপা তথা বিদেশমন্ত্রকের অর্থনৈতিক সম্পর্ক বিষয়ক সচিব সুধাকর দালেলা বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনকেন্দ্রিক এবং মানবতাবাদী দৃষ্টিভঙ্গির সঙ্গে সামঞ্জস্য রেখে আসন্ন অষ্টাদশ ব্রিকস সম্মেলনের মূল লক্ষ্যগুলি স্থির করা হয়েছে। দেশগুলির পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি, স্থিতিশীলতা রক্ষা, উদ্ভাবন এবং সুস্থায়িত্বের ওপর জোর দিয়েছেন তিনি।

উল্লেখ্য, ভারত এবছর চতুর্থবারের জন্য ব্রিকস সম্মেলনের আয়োজন করছে। এর আগে, ২০১২, ২০১৬ এবং ২০২১ সালে সম্মেলন আয়োজনের দায়িত্ব পেয়েছিল ভারত।

<u>০০০০০০০০০০০০০০০০০০০</u>

কলম্বোর শিক্ষা মন্ত্রক আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে শ্রীলঙ্কার ২৫টি জেলার ৩০০ জন স্কুল শিক্ষার্থীকে মর্যাদাপূর্ণ মহাত্মা গান্ধী বৃত্তি প্রদান করা হয়। শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী ডঃ হরিণী অমরাসুরিয়া, শিক্ষা উপমন্ত্রী ডঃ মধুরা সেনেভিরথনা এবং সে-দেশে ভারতের ভারপ্রাপ্ত হাইকমিশনার ডঃ সত্যঞ্জল পান্ডে এই বৃত্তি প্রদান করেন।

বৃত্তি প্রকল্পের আওতায়, প্রতিটি জেলার ছ'জন মেধাবী এবং অভাবী শিক্ষার্থীকে মাসিক ২ হাজার ৫০০ এল কে আর অনুদান দেওয়া হয়।

ভারত সরকারের অব্যাহত সহায়তার জন্য ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী অমরাসুরিয়া মহাত্মা গান্ধীর আদর্শের কথা স্মরণ করেন এবং শিক্ষার্থীদের তাঁর জীবন ও মূল্যবোধে অনুপ্রাণিত হওয়ার আহ্বান জানান।

<u>ooooooooooooooooooo</u>

আই সি সি পুরুষদের টি-টোয়েন্টি বিশ্বকাপে দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে আজ গ্রুপ-এ-র ম্যাচে নামিবিয়া নেদারল্যান্ডসের সামনে জয়ের জন্য ১৫৭ রানের লক্ষ্যমাত্রা রেখেছে। শেষ পাওয়া খবরে, নেদারল্যান্ডস ১১ ওভার ৪ বলে ২ উইকেটে ৯৩ রান করেছে।

<u>oooooooooooooooooooo</u>

<u>oooooooooooooooooooo</u>